

# মানবজমিন

## পাঁচ বছরে দেড় কোটি মানুষের কর্মসংস্থান হবে

এক্সক্লুসিভ

২৮ জুন ২০১৯,



পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেছেন, প্রতি বছর ৩০ লাখ করে আগামী পাঁচ বছরে সরকার দেড় কোটি মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। গতকাল সকালে তিনি রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ব্র্যাক ইউনিভার্সিটি ন্যাশনাল ক্যারিয়ার ফেয়ার-২০১৯'র উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন। এসময় উপস্থিত ছিলেন, ব্র্যাক ইউনিভার্সিটির উপাচার্য ভেনসেন্ট চ্যাং, বাংলাদেশ অর্থনীতি সমিতির মহাসচিব জামাল উদ্দিন, ব্র্যাক

ইউনিভার্সিটি'র অফিস অব স্টুডেন্ট অ্যাফেয়ার্সের পরিচালক দিলারা আফরোজ খান রুপা, ব্র্যাক ইউনিভার্সিটির রেজিস্ট্রার লে. কর্ণেল (অব.) মো. ফয়জুল ইসলাম ও এনআরবি জবস্ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মাহবুবে এলাহী চৌধুরী। রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস এ খবর দিয়েছেন। রিপোর্টে বলা হয়, উদ্বোধনী অধিবেশনে ইয়ুথ পাওয়ার হাউজ বিষয়ক সেমিনারে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন এফবিসিসিআই'র পরিচালক আমজাদ হোসেন। মন্ত্রী বলেন, দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ক্যারিয়ারের উন্নয়ন ও প্রস্তুতি লক্ষ্যে দেশের বিভিন্ন সেক্টরের প্রথিতযশা কোম্পানিসমূহের সাথে সরাসরি যোগাযোগের প্ল্যাটফর্ম হিসেবে এই ক্যারিয়ার ফেয়ার সহায়ক ভূমিকা রাখবে। দেশীয় ও আন্তর্জাতিক বিভিন্ন কর্পোরেট প্রতিষ্ঠান, মাল্টিন্যাশনাল কোম্পানি, উন্নয়ন সংস্থাসহ সরকারি- বেসরকারি প্রায় একশো'র বেশি প্রতিষ্ঠান অংশগ্রহণে দুই দিনব্যাপী গতকাল থেকে ঢাকায় শুরু হয়েছে এই ক্যারিয়ার ফেয়ার। পরে পররাষ্ট্রমন্ত্রী মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন।